



ভার্চুয়াল আসক্তি ছেড়ে বইমুখী হওয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর



ড. আনাম এহছানুল হক মিলন। ছবি: সংগৃহীত

মোবাইল ও ভার্চুয়াল জগতের অতিরিক্ত আসক্তি থেকে ভবিষ্যৎ প্রজন্মকে দূরে এনে বই পড়ার অভ্যাসে ফিরিয়ে আনার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন। তিনি বলেছেন, চিন্তাশীল ও আলোকিত সমাজ গড়ে তুলতে বই পড়ার বিকল্প নেই।

গুৱাবার (৪ সেপ্টেম্বর) ঢাকায় বিশ্বসাহিত্য কেন্দ্র ও বিকাশের বইপড়া কর্মসূচির ১২ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত প্রীতি সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, সমাজকে এগিয়ে নেওয়ার প্রধান শক্তি হলো শিক্ষা। সেই লক্ষ্য সামনে রেখে সরকার প্রাথমিক স্তর থেকেই শিক্ষাব্যবস্থায় প্রয়োজনীয় পরিবর্তন আনার উদ্যোগ নিয়েছে।

তিনি বলেন, ভবিষ্যতের কর্মসংস্থানের চাহিদা বিবেচনায় দক্ষ ও কর্মমুখী জনশক্তি তৈরিতে কারিগরি শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

ড. আনাম এহছানুল হক মিলন আরও বলেন, শিক্ষাব্যবস্থায় প্রয়োজনীয় ও ব্যাপক সংস্কার ছাড়া টেকসই উন্নয়ন নিশ্চিত করা কঠিন। তাই নতুন প্রজন্মের কাছে শিক্ষাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ অগ্রাধিকারের জায়গায় রাখতে হবে।